

**প্রত্যেক খানায়
কম্যুনিটি স্কুল
হবে : শাহ আজিজ**

প্রধানমন্ত্রী শাহ আজিজের রহমান বলেছেন, সরকার দেশে কারিগরি শিক্ষার দ্রুত উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। তিনি বলেন, কারিগরি শিক্ষার পাঠ্যক্রমের উন্নয়ন এবং শিক্ষকদের দক্ষতা বৃদ্ধিই হচ্ছে অর্থপূর্ণ ও দক্ষ কারিগরি শিক্ষার পূর্বশর্ত।

বাসসর ক্ষেত্রে প্রকাশ, প্রধানমন্ত্রী শাহ আজিজের রহমান সোমবার ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট মিলনায়তনে বাংলাদেশ সরকার ও সিসপূরের কলম্বো প্ল্যান মতফ কলেজের যৌথ উদ্যোগে পরিচালিত পলিটেকনিক শিক্ষকদের তৃতীয় কোর্সের উদ্বোধন করছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শিক্ষা সচিব কাজী ফজলুর রহমান।

শাহ আজিজ বলেন, সরকার প্রত্যেক খানায় কম্যুনিটি স্কুল স্থাপনের সিদ্ধান্ত নিয়েছেন। এসব স্কুলে বৃত্তিমূলক ও প্রতিলিত শিক্ষা প্রদান করা হবে।

উপনিবেশিক শিক্ষা সঞ্চালন
(শেখ পত্র ৬-এর ক্র. নং ৩৩)

আমূল সংস্কারের প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করে প্রধানমন্ত্রী শাহ আজিজের রহমান বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির এই আধুনিক যুগের প্রয়োজন মেটানোর জন্য এখন কারিগরি, বৈজ্ঞানিক ও বৃত্তিমূলক শিক্ষা প্রদানের সময় এসেছে।

শাহ আজিজ বলেন, গরমের লোকজন বৃত্তিমূলক ও কারিগরি শিক্ষা পেলে দেশের উন্নয়ন ত্বরপূর্ণতায় অবদান রাখতে সক্ষম হবে।

প্রধানমন্ত্রী শাহ আজিজের রহমান সম্ভার প্রকাশ করেন যে এখনো বহু নিবেদিতপ্রাণ শিক্ষক রয়েছেন যারা এসব কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান চলে রেখেছেন। তিনি বলেন, সরকার এসব নিবেদিতপ্রাণ শিক্ষকদের ভাগ্যোন্নয়নের জন্য তার সাধ্যমত সব কিছ করবেন।